দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

৩৬

তারিখ 24 JUL 1989
পৃষ্ঠা ৪ কলাম ৪

# নিয়োগ ও বদলী

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের প্রধান ডঃ গোলাম রহমানকে ৪ বছরের জন্য খুলনা বিশ্ববিদ্যালয়ের প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়েছে।

বাংলাদেশ প্রেস ইনস্টিটিউটের মহাপরিচালক জনাব আমানউল্লাহকে তাঁর বর্তমান চুক্তিভিত্তিক নিয়োগের শর্ত অনুযায়ী বাংলাদেশ সংবাদ সংস্থার ব্যবস্থাপনা পরিচালক হিসেবে বদলী করা হয়েছে।

বাংলাদেশ টাইমস ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান জনাব এনামুল হককে তাঁর বর্তমান চুক্তিভিত্তিক নিয়োগের একই শর্তে বাংলাদেশ প্রেস ইনস্টিটিউটের মহাপরিচালক হিসেবে বদলী করা হয়েছে।

বাংলাদেশ এসোসিয়েশন ফর ভলান্টারী স্টেরিলাইজেশনের সভাপতি ডাঃ আজিজুর রহমানকে চুক্তি ভিত্তিতে দু বছরের জন্য বাংলাদেশ টাইমস ট্রাস্টী বোর্ডের চেয়ারম্যান নিয়োগ করা হয়েছে খবর তথ্য বিবরণীর।